

সোমবার
২৬ সেপ্টেম্বর ২০২২
১১ আশ্বিন ১৪২৯

দৈনিক
পূর্বাংশ
Dainik Purbodesh

ভাসা ফাউন্ডেশনের উদ্যোগে প্রশিক্ষণ

বেসরকারি উন্নয়ন সংস্থা ভলান্টারী এন্টিভিটিজ ফর সোস্যাল এন্ড হিউম্যান এডভান্সম্যান্ট (ভাসা) ফাউন্ডেশনের আয়োজনে সুবিধাবঞ্চিত নারীদের মাঝে দক্ষতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ কার্যক্রম ২৪ সেপ্টেম্বর ডবলমুরিং থানাধীন দেওয়ানহাটের মনসুরাবাদ এলাকায় উদ্বোধন করা হয়। সংগঠনটি ট্রেনিং ফর স্কিল ডেভেলপমেন্ট (টিএসডি) প্রশিক্ষণ কর্মসূচির আওতায় বিনামূল্যে সুবিধাবঞ্চিত ও দরিদ্র নারীদের দক্ষতা উন্নয়ন ও সক্ষমতা গড়ার লক্ষ্যে স্বল্পমেয়াদী বিভিন্ন রকম ভোকেশনাল প্রশিক্ষণ দিয়ে থাকে। প্রতিষ্ঠানটি ২০০৫ সাল থেকে ৩০০০ জনের অধিক মহিলাকে এই প্রশিক্ষণের আওতায় সেলাই, এমব্রয়ডারী, ব্লক, বাটিক, কারচুপি প্রভৃতি কাজের উপর প্রশিক্ষণ প্রদান করেছে। চলমান এই কর্মসূচির আওতায় ৯৬০০ জন সুবিধাবঞ্চিত নারীকে প্রশিক্ষণ দেয়ার লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করছে। বর্তমানে কর্মসূচির আওতায় চট্টগ্রামের পাহাড়তলী, সীতাকুন্ড, কুমিরা, খুলশী, হালিশহর ও বন্দর এলাকায় প্রশিক্ষণ চলছে। প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনটির প্রধান নির্বাহী পরিমল কান্তি পাল। বক্তব্য দেন সাজেদা তসলিম, রাজু চৌধুরী, সুদীপ্তা মজুমদার, বিজয় পাল, রেজাউল করিম, নাজমুল হুদা, জান্নাতুল ফেরদৌস, দিলুয়ারা, তানিয়া, মো. মানিক, মো. দৌলত হোসাইন, মিঠুন দাশ প্রমুখ। বিজ্ঞপ্তি



ভাসা ফাউন্ডেশনের প্রশিক্ষণ কর্মসূচি